

## হাসপাতালের রাত্রি

খবরকাগজের পাশে পলিথিন শিট, পলিথিন শিটের পাশে ছেঁড়া চাদর  
ছেঁড়া চাদরের পাশে এবড়ো খেবড়ো রাস্তায় শুয়ে  
হাইস্কুলের মাস্টারমশায় থেকে রিকসাওয়ালা  
বাবা - মা -ছেলে-মেয়ের অসুখ পাহারা দিচ্ছে  
যেন  
রাতের আকাশের লক্ষাধিক তারা  
পাছে কোনও বিপদ হয়, এই ভয়ে  
ঘুম তাড়াতে তাড়াতে  
সারারাত পৃথিবীর অসুখ  
পাহারা দিচ্ছে ।

অংশুমান কর

